নওগাঁর মান্দায় ভারতীয় জাল রুপিসহ আ.লীগ নেতা আটক

নওগাঁ প্রতিনিধি: নওগাঁর মান্দায় ১৩ লক্ষ ৭৫ হাজার ভারতীয় জাল রুপিসহ ২ জনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার দুপুরে উপজেলার গোপালপুর বাজারের একটি চায়ের দোকান থেকে জাল রুপিসহ ২ জনকে আটক করে পুলিশ।
আটককৃতরা হলেন, উপজেলার পরানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও গোপালপুর গ্রামের মৃত মজিবর রহমানের ছেলে সিদ্দিক মোল্লা (৫০) ও মহাদেবপর উপজেলার সদরের মৃত ফয়জার রহমানের ছেলে কারিয়াপ্পা (৫৫)।
মঙ্গলবার বিকেলে মান্দা থানা চত্বরে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে ওসি মনসুর রহমান এ তথ্য জানান।

ওসি মনসুর রহমান জানান, দীর্ঘদিন থেকে মান্দা থানা এলাকায় একটি চক্র ভারতীয় জাল রুপি সরবরাহের জন্য প্রতারণা করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে মান্দা থানার একটি টিম উপজেলার গোপালপুর বাজারের আনোয়ারের চায়ের দোকান থেকে ভারতীয় জাল রুপিসহ ২ জনকে আটক করেন। এসময় তাদের কাছে ১৩ লক্ষ ৭৫ হাজার জালরুপি জব্দ করা হয়।
ওসি আরো জানান, থানার উপ-পরিদর্শক (এসআই) শামীম হাসানের নেতৃত্বে একটি টিম সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে তাদেরকে আটক করে থানায় নিয়ে আসেন